ভোরের কাগজ

তারিখ JAN. 4 2 1999
পৃষ্ঠা ৮ কলাম ৩

107

# ৩ হাজার ২শ' ৭৩ জনকে উচ্চতর কম্পিউটার কোর্সে প্রশিক্ষণ দিয়েছে বিসিসি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ১৯৮৯-৯০ অর্থ বছর থেকে শুরু করে ১৯৯৮-৯৯ এর প্রথমার্ধ পর্যন্ত সর্বমোট ৩ হাজার ২৭৩ জনকে উচ্চতর প্রোগ্রামিং কোর্সে প্রশিক্ষণ দিয়েছে। বিসিসি চলতি অর্থ বছরে দেশের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে কম্পিউটার কোর্স প্রবর্তনের সহায়তা প্রদান প্রকল্পের আওতায় ৩৯৬টি কম্পিউটার বিতরণ করবে।

গত রোববার বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী লে. জেনারেল মোহাম্মদ নূর উদ্দিন খান পিএসসি (অবঃ)-এর বিসিসি পরিদর্শনকালে এ কথা জানানো হয়। মন্ত্রী কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে এক পরিচিতি সভায়ও মিলিত হন।

বিসিসির নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোঃ আবদুস সোবহান কাউন্সিলের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে মন্ত্রীকে অবহিত করেন। মন্ত্রী নূর উদ্দিন খান বলেন, বিসিসিকে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে জনসম্পদ উন্নয়নে প্রভাবক ও পথ প্রদর্শকের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। তিনি বিসিসির গতিশীলতার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।